বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

নির্বাচন বোর্ড-২০২২ এর কার্যালয়

সূত্রঃবায়বা/নির্বাচন/২০৫/২০২১/২১৩

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৯ / ৯ জুন ২০২২

নির্বাচন তফসীল - ২০২২

এতদ্বারা বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)-এর সম্মানিত সদস্য/সদস্যাগণকে জানানো যাচ্ছে যে, মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের আদেশ মোতাবেক বাণিজ্য সংগঠন আইন ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এবং বায়রা'র সংঘবিধি অনুযায়ী গোপন ব্যালটের মাধ্যমে বায়রা'র ২৭ (সাতাশ) সদস্য-বিশিষ্ট কার্যনির্বাহী কমিটির ২০২২-২০২৪ (২৪ মাস) মেয়াদী নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নোক্ত তফসীল ঘোষণা করা হলো।

ক্রমিক নং	কার্যক্রম	তারিখ	বার ও সময়
১	নিম্নোক্ত কাগজপত্র দাখিল ও চাঁদা পরিশোধপূর্বক ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির লক্ষ্যে সদস্যপদ হালনাগাদ করতে হবে: (ক) ২০২১ সাল পর্যন্ত এসোসিয়েশনের চাঁদা পরিশোধ; (খ) হালনাগাদ রিক্রুটিং লাইসেন্সের এর সত্যায়িত প্রতিলিপি দাখিল; (গ) হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট/ আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র/ আয়কর বিভাগ কর্তৃক আয়কর রিটার্ন দাখিলের বর্ধিত সময় মঞ্জুরের কপি/আয়কর রিটার্ন সংক্রান্ত বৈধ কাগজপত্রের সত্যায়িত প্রতিলিপি দাখিল; এবং (ঘ) সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি। বিশেষ দ্রষ্টব্যঃ (এ) ইতোপূর্বে ঘোষিত তফশীল মোতাবেক বায়রা'র সূত্রঃ বায়বা/নির্বাচন/২০৫/২০২১/১৩৪ অনুযায়ী ০৬ এপ্রিল ২০২১ তারিখে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ৭৬৩ জন এবং সূত্রঃ বায়বা/নির্বাচন/২০৫/২০২১/২৮৪ অনুযায়ী ১৯ অক্টোবর ২০২১ তারিখে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ০১ জনসহ মোট ৭৬৪ জন সদস্যকে কেবল (ক) ২০২১ সালের এসোসিয়েশনের চাঁদা পরিশোধ; (খ) হালনাগাদ রিক্রুটিং লাইসেন্সের এর সত্যায়িত প্রতিলিপি দাখিল; এবং (গ) হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট/ আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র/ আয়কর বিভাগ কর্তৃক আয়কর রিটার্ন দাখিলের বর্ধিত সময় মঞ্জুরের কপি/আয়কর রিটার্ন সংক্রান্ত বৈধ কাগজপত্রের সত্যায়িত প্রতিলিপি দাখিল করতে হবে। (বি) মহামান্য উচ্চ আদালতের আদেশে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার আদেশপ্রাপ্ত সদস্যগণের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।	০৩ জুলাই ২০২২	রবিবার বিকাল ৫টা পর্যন্ত
২	নির্বাচন বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ	১৪ জুলাই ২০২২	বৃহস্পতিবার বিকাল ৪.০০ টা
৩	নির্বাচন আপীল বোর্ডের নিকট প্রাথমিক ভোটার তালিকায় আপত্তি (যদি থাকে) দাখিলের শেষ তারিখ ও সময়	২০ জুলাই ২০২২	বুধবার বিকাল ৪ টা পর্যন্ত
৪	নির্বাচন আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার উপর দাখিলকৃত আপত্তির শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান	২৩ জুলাই ২০২২	শনিবার সকাল ১১ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত
৫	নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	২৬ জুলাই ২০২২	মঙ্গলবার বিকাল ৪ টা

০৯/০৬/২২

৬	নির্বাচন বোর্ডের নিকট হতে মনোনয়ন ফরম সংগ্রহ শুরুর তারিখ ও সময় (বি: দ্র: ইতোপূর্বে ঘোষিত তফশীল মোতাবেক যাঁরা মনোনয়নপত্র সংগ্রহ করেছেন তাদের মধ্যে যাঁরা চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবেন তাদের নতুন করে মনোনয়নপত্র সংগ্রহ করার প্রয়োজন নেই।)	২৭ জুলাই ২০২২	বুধবার সকাল ১০ টা থেকে
৭	নির্বাচন বোর্ডের নিকট হতে মনোনয়ন ফরম সংগ্রহের শেষ তারিখ ও সময়	০১ আগস্ট ২০২২	সোমবার বিকাল ৪টা পর্যন্ত
৮	নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ ও সময়	০২ আগস্ট ২০২২	মঙ্গলবার বিকাল ৪ টা পর্যন্ত
৯	নির্বাচন বোর্ড কর্তৃক মনোনয়ন পত্র বাছাই ও পরীক্ষা	০৪ আগস্ট ২০২২	বৃহস্পতিবার বিকাল ৩ টা হতে
১০	নির্বাচন বোর্ড কর্তৃক বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ	০৪ আগস্ট ২০২২	বৃহস্পতিবার (বাছাই শেষে)
১১	মনোনয়ন পত্র বাতিলের ব্যাপারে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপীল বোর্ডের নিকট আপত্তি (যদি থাকে) দাখিলের শেষ তারিখ ও সময়	০৬ আগস্ট ২০২২	শনিবার বিকাল ৪ টা পর্যন্ত
১২	মনোনয়ন পত্র বাতিলের ব্যাপারে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপীল বোর্ডের নিকট দাখিলকৃত আপত্তির শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান	০৮ আগস্ট ২০২২	সোমবার সকাল ১১:০০ মিঃ হতে (আপীল শুনানী শেষে নির্বাচনী বোর্ডকে সিদ্ধান্ত প্রদান)
১৩	নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ	১০ আগস্ট ২০২২	বুধবার বিকাল ৪ টা
১৪	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ও সময় বিঃ দ্রঃ প্রার্থীতা প্রত্যাহারে ইচ্ছুক প্রার্থীকে সশরীরে নিজে উপস্থিত হয়ে প্রার্থিতা প্রত্যাহার পত্র জমা দিতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর যদি দেখা যায় বৈধ প্রার্থীর সংখ্যা নির্বাচনযোগ্য সদস্যসংখ্যার সমান বা তদপেক্ষা কম, তাহলে ভোট গ্রহণের প্রয়োজন হবে না এবং এমন প্রার্থীগণ নির্বাচিত হয়েছেন মর্মে ঘোষণা দেয়া হবে। এক্ষেত্রে তফসীলে বর্ণিত ১৯ নং কার্যক্রমঅর্থাৎ অফিস বেয়াবার নির্বাচন পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে অনুষ্ঠিত হবে।	১৪ আগস্ট ২০২২	রবিবার বেলা ১২ টা পর্যন্ত
১৫	প্রার্থীপদ প্রত্যাহার (যদি থাকে) শেষে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ।	১৭ আগস্ট ২০২২	বুধবার বিকাল ৪ টা
১৬	ভোট গ্রহণ এবং ভোট গ্রহণপর্ব শেষে ভোট গণনা সম্পন্ন হওয়ার পর নির্বাচনী ফলাফল প্রকাশ (ভোট গ্রহণের স্থান: যথাসময়ে ঘোষণা করা হবে)	০৩ সেপ্টেম্বর ২০২২	শনিবার * ভোট গ্রহণ সকাল ০৯.০০ হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত (বিরতিহীনভাবে) * ভোট গ্রহণ শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা
১৭	২৭ (সাতাশ) জন নির্বাচিত সদস্যগণের মধ্য থেকে অফিস বেয়ারার নির্বাচনের মনোনয়নপত্র গ্রহণ ও দাখিল	০৪ সেপ্টেম্বর ২০২২	রবিবার সকাল ১০ টা থেকে দুপুর ২.০০ টা
১৮	২৭ (সাতাশ) জন নির্বাচিত সদস্যগণের মধ্য থেকে অফিস বেয়ারার নির্বাচন	০৪ সেপ্টেম্বর ২০২২	রবিবার বিকাল ৪.০০ টা

০৭/০৮/২২

			(নির্বাচনের পরপরই ফলাফল ঘোষণা করা হবে)
১৯	নির্বাচন আপীল বোর্ডের নিকট সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচনী ফলাফলের উপর আপত্তি (যদি থাকে) দাখিল	০৫-০৭ সেপ্টেম্বর ২০২২	সোমবার সকাল ১০ টা থেকে থেকে বুধবার বিকাল ৪.০০ টা পর্যন্ত
২০	নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে নির্বাচন আপীল বোর্ডের নিকট দাখিলকৃত আপীলের (যদি থাকে) উপর শুনানী গ্রহণ	০৮ সেপ্টেম্বর ২০২২	বৃহস্পতিবার সকাল ১১.০০ টা
২১	নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে নির্বাচন আপীল বোর্ডের নিকট দাখিলকৃত আপীলের (যদি থাকে) উপর সিদ্ধান্ত প্রদান	০৮ সেপ্টেম্বর ২০২২	বৃহস্পতিবার বিকাল ৩.০০ টা
২২	নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক নির্বাচনের চূড়ান্ত ফলাফল প্রকাশ	০৮ সেপ্টেম্বর ২০২২	বৃহস্পতিবার বিকাল ৫.০০ টা

বিশেষ দ্রষ্টব্য:

ক) নির্বাচন সংক্রান্ত পরবর্তী যাবতীয় বিজ্ঞপ্তি শুধুমাত্র নির্বাচন নোটিশ বোর্ড এবং বায়রা ওয়েবসাইটে প্রদর্শিত হবে। গুরুত্ব বিবেচনায় ক্ষেত্র বিশেষে পত্রিকায়ও বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলীঃ

১। বাণিজ্য সংগঠন আইন ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং বায়রা'র সংঘবিধির ২৬ ও ২৯সহ প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ অনুযায়ী সাধারণ সদস্যদের সরাসরি ভোটে বায়রা'র মোট ২৭ (সাতাশ) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি নির্বাচিত হবেন এবং এই ২৭ জন সদস্য অফিস বেয়ারার (প্রেসিডেন্ট-০১ জন, সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট-০১ জন, ভাইস-প্রেসিডেন্ট-০৩ জন, সেক্রেটারী জেনারেল-০১ জন, জয়েন্ট সেক্রেটারী জেনারেল-০৩ জন, ফাইন্যান্স সেক্রেটারী-০১ জন, স্পোর্টস, রিক্রিয়েশন এন্ড কালচারাল সেক্রেটারী-০১ জন, পাবলিক রিলেশন্স সেক্রেটারী-০১ জন, মেম্বার্স ওয়েলফেয়ার সেক্রেটারী-০১ জন এবং সদস্য-১৪ জন)) নির্বাচন করবেন।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং- বাম/টিও-১/সি-৯/৯২ (অংশ-৩)/২৮৪ তারিখঃ ০৪-০৬-২০১১ খ্রিঃ মোতাবেক "এক ব্যক্তির মালিকানায় যতগুলো প্রতিষ্ঠানই থাকুক না কেন, কোন প্রতিষ্ঠানের নামে আলাদা টিআইএন না থাকলে ঐ প্রতিষ্ঠানের প্রতিনিধির ভোটাধিকার থাকবেনা। একটি প্রতিষ্ঠান একটি টিআইএন-এর বিপরীতে একটি ভোট প্রদানের অধিকারী হবে। একই টিআইএন ব্যবহার করে একটি নির্বাচনে একাধিকবার ভোটার হওয়া যাবেনা।"

৩। ০৩ মে ২০২২ তারিখের মধ্যে যাঁরা এসোসিয়েশনের সদস্য পদ গ্রহণ করেছেন এবং ০৩ জুলাই ২০২২ তারিখের এসোসিয়েশনের ২০২১ খ্রিঃ সন পর্যন্ত চাঁদা পরিশোধপূর্বক নির্বাচন তফসীল মোতাবেক হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট/ আয়কর রিটার্ন দাখিলে প্রাপ্তি স্বীকারপত্র/ আয়কর বিভাগ কর্তৃক আয়কর রিটার্ন দাখিলের বর্ধিত সময় মঞ্জুরের কপি/ আয়কর রিটার্ন সংক্রান্ত বৈধ কাগজপত্রের সত্যায়িত প্রতিলিপি দাখিল; এবং সম্প্রতি তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা প্রদান করেছেন কেবল তাঁরাই ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবেন এবং নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

৪। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির সময় দাখিলতব্য কাগজপত্র প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা অথবা বায়রা অফিসে কর্মরত ২ জন সচিবের যে কোনো একজন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৫। নির্বাচন বোর্ড কর্তৃক ইস্যুকৃত ভোটার আইডি কার্ড/এসোসিয়েশনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষর যাচাইপূর্বক ভোটার সনাক্ত করা হবে। ভোটার আইডি কার্ড ব্যতীত কেউ ভোট প্রদান বা প্রার্থী পরিচিতি সভায় অংশগ্রহণ করতে পারবেন না। **২৭-২৯ আগস্ট ২০২২ তারিখের মধ্যে সম্মানিত ভোটারগণ এসোসিয়েশনের কার্যালয় হতে ভোটার আইডি কার্ড সংগ্রহ করবেন।** ভোটার আইডি কার্ড হারিয়ে গেলে জিডির কপিসহ ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান সাপেক্ষে ডুপ্লিকেট ভোটার আইডি কার্ড সরবরাহ করা হবে।

৬। প্রার্থী পরিচিতি সভায় এবং ভোট গ্রহণকালীন ও ভোট গণনার সময় ভোট কেন্দ্রে কোন প্রার্থী, প্রার্থীর এজেন্ট ও ভোটারগণ আগ্নেয়াস্ত্র, মোবাইল ফোন বা ক্যামেরা বহন করতে পারবেন না।

৭। সদস্যগণ ১,০০০/- (এক হাজার টাকা) টাকা মূল্য পরিশোধ করে প্রাথমিক অথবা চূড়ান্ত ভোটার তালিকা এসোসিয়েশনের দপ্তর থেকে সংগ্রহ করতে পারবেন।

০৭/০৬/২২

৮। (ক) মনোনয়নপত্র নির্বাচন বোর্ডের সীলসহ নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হবে। চূড়ান্ত ভোটার তালিকার অন্তর্ভূক্ত সদস্যগণ নিম্নে উল্লেখিত ফি প্রদান সাপেক্ষে নিজে উপস্থিত হয়ে অথবা লিখিত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন। কোনো প্রার্থী ব্যক্তিগতভাবে এসে মনোনয়নপত্র সংগ্রহ করতে না পারলে অন্য একজন সদস্যকে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপত্র/লিখিত অনুরোধপত্র/ অথারাইজেশন লেটার প্রদানর্পূবক তা সংগ্রহ করতে পারবেন।

মনোনয়ন পত্রের ফিঃ

প্রতিটি মনোনয়ন পত্রের ফি	:	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
১ (এক) সেট ভোটার তালিকার মূল্য	:	১,০০০/- (পাঁচ হাজার) টাকা।

প্রতিটি মনোনয়নপত্রের সাথে এক সেট ভোটার তালিকা মূল্য পরিশোধ করে আবশ্যিকভাবে সংগ্রহ করতে হবে।

(খ) একজন প্রার্থীর নামে সংগ্রহকৃত মনোনয়ন পত্র অন্য প্রার্থী ব্যবহার করতে পারবেন না এবং কেউ মনোনয়ন পত্রের মূলকপি ব্যতীত ফটোকপি বা প্রতিলিপিতে মনোনয়ন জমা দিতে পারবেন না। কেউ এর অন্যথা করলে উক্ত মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) মনোনয়ন পত্রে প্রদত্ত যাবতীয় তথ্য চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী হতে হবে। মনোনয়ন পত্রে প্রার্থী, প্রস্তাবক, সমর্থকের নাম ও ভোটার নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং প্রদত্ত স্বাক্ষর এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর মোতাবেক হতে হবে। এই ক্ষেত্রে কোন প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হবে না। কোন ক্ষেত্রে কিছু কাটতে হলে একটানে কেটে কাটার পাশে সংশ্লিষ্ট প্রার্থী এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর অনুসারে স্বাক্ষর করবেন।

৯। নির্বাচিত সদস্যগণ প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট ও সেক্রেটারী জেনারেলসহ অন্যান্য অফিস বেয়ারার পদের জন্য স্বয়ং উপস্থিত হয়ে অথবা লিখিত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। কোনো প্রার্থী ব্যক্তিগতভাবে এসে মনোনয়নপত্র সংগ্রহ করতে না পারলে অন্য একজন সদস্যকে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপত্র/লিখিত অনুরোধপত্র/ অথারাইজেশন লেটার প্রদানর্পূবক তা সংগ্রহ করতে পারবেন। মনোনয়নপত্রে প্রার্থী, প্রস্তাবক, সমর্থকের নাম ও ভোটার নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং স্বাক্ষর এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর মোতাবেক হতে হবে। এই ক্ষেত্রে কোন প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হবে না। কোন ক্ষেত্রে কিছু কাটতে হলে একটানে কেটে কাটার পাশে সংশ্লিষ্ট প্রার্থী এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর অনুসারে স্বাক্ষর করবেন।

১০। নির্বাচনে ভোট প্রদানের অধিকারীগণকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে হবে।

১১। এসোসিয়েশনের সদস্যগণ ২৭ (সাতাশ) জন কার্যনির্বাহী কমিটির সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নির্ধারিত ছকে টিক (√) অথবা (X) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করবেন। নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হলে অথবা কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করে ভোট প্রদান করলে সংশ্লিষ্ট ব্যালটপত্র বাতিল বলে গণ্য হবে।

*** করোনা মহামারিজনিত কারণে সকল ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

১২। **নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধান**

(১) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন আইন ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং এই আদেশের বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করবে। নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে কেউ কোনরূপ হস্তক্ষেপ করতে পারবে না।

(২) নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ড এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করতে পারবেন। তবে নির্বাচনী দায়িত্ব পালনকারী কোন ব্যক্তি এসোসিয়েশনের সদস্য এবং ভোটার হলে তিনি এই নির্বাচনে প্রার্থী হতে পারবেন না বা কোন প্রার্থীর নির্বাচনী এজেন্ট হতে পারবেন না বা কারো পক্ষে নির্বাচনকে প্রভাবিত করতে পারে এমন কোন ধরণের প্রচার-প্রচারণা চালাতে পারবেন না।

(৩) নির্বাচন তফসিল জারী করার পর হতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হবে যা লংঘিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তাঁর প্রার্থীপদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে, যথাঃ-

ক) নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, দেওয়াল লিখন অথবা ব্যানার ব্যবহার করা যাবে না।

খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাবে না।

০৯/০৬/২২

ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেঁস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং এতে অংশ গ্রহণ করতে পারবেন না।

ঙ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

চ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। প্রার্থী এবং নির্বাচনের সাথে সংশ্লিষ্ট নির্বাচনী কর্মকর্তাগণ নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ব্যাজ/পরিচয় পত্র ধারণ করবেন।

ছ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করতে পারবেন না।

(৪) নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করতে পারবেন। অপরের ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করতে পারবে।

(৫) এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ নির্বাচন আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করবে। উপ-দফা (৩) এ বর্ণিত আচরণ বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময় সময় আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এমন অভিযোগ নিস্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ সমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হবে। নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলে গণ্য হবে। শুনানী গ্রহণ শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(৬) নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করবে। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং কেবল ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কারো ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকবে না।

(৭) ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে একসঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালটপত্র নেয়া যাবে না।

(৮) ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হতে বহিস্কার করতে পারবে।

(৯) প্রার্থীগণ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করতে পারবেন এবং কেবল মাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করতে পারবেন।

(১০) কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।

(১১) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নেই কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন।

(১২) নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(১৩) নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া উপ-দফা (৫) এ বর্ণিত বিধান অনুসরণপূর্বক তার প্রার্থীপদ বাতিল করা যাবে।

(১৪) নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে এসোসিয়েশনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হতে হবে। অন্যথায় ইহা গ্রহণযোগ্য হবে না।

০২/০৫/২২

(১৫) ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচিতি পত্র না থাকলে অথবা স্বাক্ষরে গরমিল হলে ভোট প্রদান করা যাবে না।

(১৬) পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করে ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথভাবে পূরণ করতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করে ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাবে না।

(১৭) শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপরাগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।

(১৮) ভোট গ্রহণ শুরুর অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূণ্যতার নিশ্চয়তা বিধানপূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করবে এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করবেন।

(১৯) একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারের অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ ইহার স্থলে অপর একটি শূণ্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করবেন।

(২০) ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবল মাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুণরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে।

(২১) নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করতে পারবেন।

(২২) উপ-দফা (২১) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।

(২৩) নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হতে ব্যালটপত্র বের করে প্রাপ্ত ব্যালটপত্রের সংখ্যা লিপিদ্ধ করতঃ ভোট গণনা শুরু করবে। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালটপত্র বাতিল বলে গণ্য হবে, যথা:

(ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকলে;

(খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হলে; এবং

(গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালটপত্রের নির্দেশাবলী লংঘন করে পূরণকৃত ব্যালটপত্র।

নির্বাচন বোর্ড উপর্যুক্ত বাতিলকৃত ব্যালট পত্র বান্ডিলবদ্ধ করে উহার সংখ্যা লিপিবদ্ধ করবে।

(২৪) নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্রসমূহ হতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট গণনা করে লিপিবদ্ধ করবে। এই ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচনী কর্মকর্তা ব্যতীত অন্য কেউ অংশ গ্রহণ করতে পারবেন না।

(২৫) নির্বাচন বোর্ড ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা ও প্রকাশ করবে। অতঃপর নিম্নলিখিত নথিপত্রসমূহ পৃথকভাবে সীল স্বাক্ষরসহ বান্ডিলবদ্ধ করে নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের যৌথ তত্ত্বাবধানে বিশেষ হেফাজতে সংরক্ষণ করবে, যথাঃ-

(ক) অব্যবহৃত ব্যালট পত্র (ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করতে হবে);

(খ) বৈধ ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করতে হবে);

(গ) বাতিল ঘোষিত ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করতে হবে);

(ঘ) ব্যালট বহির সহিত সংযুক্ত সরবরাহকৃত ব্যালট পত্রের প্রথম অংশ (ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করতে হবে);

০৭/০৬/২২

(ঙ) গণনাকারী ও নির্বাচন বোর্ড কর্তৃক স্বাক্ষরিত ভোট গণনা পত্রসমূহ।

(২৬) উপ-দফা (২৫) এর অধীনে সংরক্ষিত উপর্যুক্ত নথিপত্রসমূহ কেবলমাত্র সংশ্লিষ্ট প্রার্থীর অথবা প্রার্থীবৃন্দের উপস্থিতিতে নির্বাচন আপীল বোর্ড, এফবিসিসিআই আরবিট্রেশন ট্রাইবুন্যাল, সরকার অথবা মহামান্য আদালতের নির্দেশ মোতাবেক পরীক্ষার উদ্দেশ্যে বান্ডিল মুক্ত করা যাবে।

১৩। **নির্বাচন বোর্ড কার্যালয়:** বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

১৪। **নির্বাচন অফিসের সময় সূচীঃ**

* শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত।
  (দুপুর ১:১৫ মিঃ থেকে ২:০০ মিঃ পর্যন্ত জোহরের নামাজ ও মধ্যাহ্নভোজের বিরতি)।

* শুক্রবার সাপ্তাহিক ছুটি। তবে বিশেষ কর্মসূচী থাকলে শুক্রবার ও অন্যান্য সরকারি ছুটিতে অফিস খোলা থাকবে।

০৯/০৬/22	০৯/০৬/২০২২	০৯/০৬/22
তানিয়া ইসলাম	**মো: আবুল কালাম আজাদ**	**মিরাজুল ইসলাম উকিল**
উপসচিব	উপসচিব	উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়	বাণিজ্য মন্ত্রণালয়	বাণিজ্য মন্ত্রণালয়
ও	ও	ও
সদস্য	সদস্য	চেয়ারম্যান
নির্বাচন বোর্ড	নির্বাচন বোর্ড	নির্বাচন বোর্ড